

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৩২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪২. ঘুমানোর পূর্বে বিতর সালাত আদায় করা

باب فِي الْوِتْرِ قَبْلَ النَّوْمِ

আরবী

حَدَّثَنَا ابْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، حَدَّثَنَا أَبَانُ بْنُ يَزِيدَ، عَنْ قَتَادَةَ، عَنْ أَبِي سَعِيدٍ، _ مِنْ أَزْدِ شَنُوءَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: أَوْصَانِي خَلِيلِي صلى الله عليه وسلم بِثَلَاثٍ لَا أَدْعُهُنَّ فِي سَفَرٍ وَلَا حَضَرٍ رَكْعَتَى الضَّحَى وَصَوْمِ ثَلَاثَةِ أَيَّامٍ مِنَ الشَّهْرِ وَأَنْ لَا أَنَامَ إِلَا عَلَى وِتْرٍ عَلَى وِتْرٍ

_ صحيح: ق دون قوله: فِي سَفَرٍ وَلَا حَضَرٍ

বাংলা

১৪৩২। আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার বন্ধু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তিনটি কাজের ওয়াসিয়াত করেছেন, যা আমি সফরে কিংবা বাড়িতে অবস্থানকালেও পরিহার করি না। তা হলোঃ চাশতের দু' রাক'আত সালাত, প্রতি মাসে তিন দিন (১৩, ১৪,ও ১৫ তারিখে আইয়ামে বিযের) সওম পালন এবং বিতর আদায় না করা পর্যন্ত না ঘুমানো।[1]

সহীহ: বুখারী ও মুসলিম, এ কথা বাদে: সফরে কিংবা বাড়িতেও নয়।

English

Abu Hurairah said:

My friend (i.e. the Prophet) instructed me to observe three practices that I do not leave while traveling nor while resident, to pray two rak`ahs in the forenoon, to fast three days every month and not to sleep but after observing the witr.



ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সওম, অনুঃ ১৩, ১৪ ও ১৫ তারীখে আইয়ামে বীযের রোযা রাখা, হাঃ ১৯৮১), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ চাশতের সালাত আদায় মুস্তাহাব এবং এ সালাত কম পক্ষে দু' রাক'আত)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন